The Centre said the draft Bill is aimed at replacing the existing Livestock Importation Act, 1898, which was amended in 2001 (Livestock Importation (Amendment) Act of 2001). The amendment Act is aimed at maintaining the "biosecurity of the country" by preventing the ingress of exotic diseases through livestock and livestock products. A Kisan Sangh office bearer said: "There are positive and negative aspects to this draft Bill. It could solve the problem of stray animals and improve the breed of our indigenous livestock, but one needs to respect religious and cultural beliefs. The Kisan Sangh will defend the interests of farmers, without hurting religious sentiment."

Animal rights activists and groups, such as People for Animals India, launched a social media campaign against the draft Bill on Saturday.

*More on business-standard.com*

### BS SUDOKU # 4003

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 9 | 1 | 4 | | | | | |
| | | | | | | | | 8 |
| | 6 | | | | | 9 | | 2 |
| 5 | | | 9 | | | | | 4 |
| | | | | 6 | | 2 | 7 | |
| 9 | 2 | | 8 | | | | 6 | |
| | | 4 | 7 | | | | | |
| | | 2 | | | | 6 | 3 | |
| | | | | | 8 | | | |

SOLUTION TO #4002

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 6 | 5 | 9 | 8 | 1 | 2 | 7 | 4 | 3 |
| 2 | 3 | 1 | 9 | 7 | 4 | 6 | 8 | 5 |
| 8 | 4 | 7 | 3 | 6 | 5 | 1 | 2 | 9 |
| 1 | 2 | 8 | 6 | 9 | 3 | 4 | 5 | 7 |
| 7 | 6 | 4 | 2 | 5 | 8 | 3 | 9 | 1 |
| 5 | 9 | 3 | 7 | 4 | 1 | 8 | 6 | 2 |
| 9 | 8 | 5 | 1 | 3 | 6 | 2 | 7 | 4 |
| 4 | 1 | 2 | 5 | 8 | 7 | 9 | 3 | 6 |
| 3 | 7 | 6 | 4 | 2 | 9 | 5 | 1 | 8 |

**Easy: ★★**
**Solution tomorrow**

**HOW TO PLAY**
Fill in the grid so that every row, every column and every 3x3 box contains the digits 1 to 9

# পঞ্চায়েত ভোটে সব মৃত্যুর দায় নির্বাচন কমিশন ও পুলিশের : মহম্মদ সেলিম



**উজ্জ্বল দত্ত, কলকাতা :** পঞ্চায়েত ভোটে মনোনয়ন পর্বে একাধির মৃত্যুর ঘটনার জন্য এবার সরাসরি নির্বাচন কমিশন ও পুলিশকে দায়ী করলেন সিপিআই(এম) দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। সোমবার আলিমুদ্দিন স্ট্রিটের মুজাফফর আহমেদ ভবনে সাংবাদিক বৈঠক করে এমনটাই দাবি করলেন সেলিম। সেইসঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজের অপদার্থতা ঢাকতে এরকমই ব্যবস্থা নিয়েছেন বলে তোপ দাগলেন সিপিআই(এম)-এর এই প্রাক্তন সাংসদ। এদিন সাংবাদিক বৈঠকে মহম্মদ সেলিম অভিযোগ করেন, ‘এখন কোচবিহার থেকে ডায়মন্ড হারবার পর্যন্ত সব জায়গায় পুলিশকে দিয়ে বিরোধীদের মনোনয়ন প্রত্যাহারের জন্য চাপ দেওয়া হচ্ছে। সবচেয়ে বেশি এরকম অভিযোগ ডায়মন্ড হারবারে উঠেছে। আমরা ওই সব অভিযোগ মহিলা কমিশন, এসসি কমিশন, ওবিসি কমিশনে জানাব।’ পরে এক প্রশ্নের উত্তরে সেলিম জানান, ‘শুধু সাধারণ মানুষের ওপর নয়, কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর ওপরও তৃণমূলের আক্রমণ চলছে। ভোটকর্মীরাও নিরাপত্তা চাইছেন।’ এরপরই সেলিম রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে আক্রমণ করে বলেন, ‘রাজ্যপাল সব অভিযোগ পেয়েও চুপ করে বসে আছেন। ১টি কল সেন্টার খুলে দায়িত্ব শেষ করেছেন। তিনি কি মুখ্যসচিব বা স্বরাষ্ট্রসচিবকে ডাকতে পারেন না? নির্বাচন কমিশনকে তিনি ডাকতে বাধ্য। এমনকী মুখ্যমন্ত্রীকেও রাজ্যপাল এই অশান্ত অবস্থার জন্য তলব করতেই পারেন। কিন্তু তা তিনি করছেন না। কেন করছেন না আমি জানি না। তবে রাজ্যপালের মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠানোর ক্ষমতা সংবিধানে দেওয়া আছে। আসলে কর্ণাটকের ভোটের পর সব নাটক। এক অদৃশ্য খেলায় ভাইপোর নাম সিবিআইয়ের এফআইআর থেকে বাদ দিয়ে দেওয়া হয়েছে।’ তিনি আরো বলেন, ‘গ্রামের সাধারণ মানুষ চাইছে পঞ্চায়েতে নিজেদের অধিকার ফিরে পেতে। কিন্তু এটা চাইছে না তৃণমূল দল। পঞ্চায়েত ভোট লুঠে নিতে নির্বাচন কমিশনকে দিয়ে কেন্দ্রীয়বাহিনীকে আটকাতে সুপ্রিম কোর্টে আবেদন করেছে।’

## জয়নগরে তৃণমূল প্রার্থীর নিদান

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, জয়নগর :** ভোট প্রচারে গিয়ে জয়নগর ১ নং ব্লকের চালতাবেড়িয়া পঞ্চায়েতের গাববেড়িয়া এলাকার ২৪০ নং বুথের গ্রামসভার তৃণমূল প্রার্থী পারমিতা মণ্ডল নিদান দেন, ‘কোথায় ভোট দিচ্ছেন তা দেখিয়ে দিতে হবে। ব্যালট বাক্স এবার মাঠে নিয়ে আসা হবে’। সোশাল মিডিয়ায় তা ভাইরাল হয়েছে। তৃণমূল কংগ্রেসের বারুইপুর পূর্ব ব্লকের সভাপতি শ্যামসুন্দর চক্রবর্তী এ প্রসঙ্গে জানান, ‘প্রার্থীর বক্তব্য বিকৃত করা হয়েছে। প্রার্থী এমন কথা বলেননি।’ বিজেপির বারুইপুর সাংগঠনিক জেলার সহসভাপতি দিলীপ হালদার বলেন, ‘এটাই তৃণমূলের সংস্কৃতি। কী করে ভোট লুঠ করা যায় এটাই তাদের লক্ষ্য।’ এই ভিডিওকে প্রচারের অস্ত্র করছে বিরোধীরা। যদিও প্রার্থী পারমিতা মণ্ডল বলেন, ‘এই ভিডিও ভুয়ো। এই ধরনের কথা বলতে পারিনা। আমাদের দলের কিছু সমর্থক টিকিট না পেয়ে আমাকে হারানোর জন্য এমনটা করছে।’

# মুখ্যমন্ত্রী বললে খুনোখুনি বন্ধে সব প্রার্থী তুলে নিতে প্রস্তুত : নওশাদ



**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পঞ্চায়েত ভোটপর্বে এবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ভাঙড়ে শান্তি প্রতিষ্ঠার জন্য অভিনব প্রস্তাব দিলেন এলাকার আইএসএফ দলের বিধায়ক নওশাদ সিদ্দিকী। পঞ্চায়েত ভোটে এলাকার মানুষের স্বার্থে ভাঙড়ে অশান্তি এড়াতে তিনি পঞ্চায়েতের সব প্রার্থী তুলে নিতে প্রস্তুত বলেও জানান। নওশাদ সিদ্দিকীর এই বার্তার পরই রাজনৈতিক মহলে জোর চর্চা শুরু হয়ে গেছে। বিশেষজ্ঞ মহলের দাবি, ভাঙড়ে যে পরিস্থিতি তৈরি হয়েছে তা স্বাভাবিক করার জন্য কৌশলে মুখ্যমন্ত্রীর কোর্টেই বল ঠেলে দিয়েছেন আইএসএফ বিধায়ক। প্রসঙ্গত, মনোনয়নপর্ব ঘিরে প্রথম থেকেই দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় রণক্ষেত্রের চেহারা নিয়েছিল। গুলি ও বোমার আঘাতে ৩জনের প্রাণও চলে যায়। এদিকে, এখনও ভোটপর্ব বাকি রয়েছে। এমন পরিবেশ-পরিস্থিতিতে আরো প্রাণ চলে যাওয়ার আশঙ্কা রয়েছে। তাই একধাপ এগিয়ে নওশাদ সিদ্দিকী সোমবার বলেন, ‘কেউ যদি বলে, ভাঙড়ের মানুষের স্বার্থে প্রার্থীপদ তুলে নিতে হবে...মুখ্যমন্ত্রী যদি বলেন, ভাঙড়ের সব পঞ্চায়েত প্রার্থী তুলে নিতে হবে তাহলে ভাঙড়ের মানুষের স্বার্থে আমি দলের প্রার্থীদের সঙ্গে কথা বলব। তাঁদের বোঝানোর চেষ্টা করব আর প্রার্থীপদ তুলে নেব। আসলে মারামারি, হানাহানি আমার পছন্দ নয়। বেঁচে থাকলে তবেই তো গণতন্ত্র উপভোগ করতে পারব। এখানে যা ঘটছে, শাসক দল মারছে, আর আমাদের ওপর ওরা দোষ দিচ্ছে।’ এদিকে, এলাকার বিধায়ক নওশাদ সিদ্দিকীর এই বক্তব্যকে বিশেষ গুরুত্ব দিতে নারাজ তৃণমূল কংগ্রেস। ভাঙড়ের সদ্য দায়িত্বপ্রাপ্ত তৃণমূল কংগ্রেসের নেতা সব্যসাচী দত্ত বিধয়াকের মন্তব্যকে উদ্দেশ্য করে তাচ্ছিল্যের সঙ্গে বলেন, ‘মুখ্যমন্ত্রী ওকে বলবেন! উনি বোধহয় নিজের অবস্থানটা নিয়ে একটু বেশি ভাবছেন। আসলে বিজেপি আর অতিবামদের কাছ থেকে পয়সা নিয়ে মুশকিলে পড়েছেন। সামলাতে পারছেন না। সেই কারণে প্রার্থী তুলে নিতে চাইছেন।’ নওশাদ সিদ্দিকীর এই বক্তব্য নিয়ে অবশ্য সরাসারি কোনো মন্তব্য করতে চায়নি বাম শিবির। তবে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরি জানান, ‘বিষয়টি যে নেতা বলেছেন, এটা তাঁর ব্যক্তিগত মত।’ বামফ্রন্টও এটা ব্যক্তিগত মত বলে এড়িয়ে গিয়েছে। অবশ্য বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য এ প্রসঙ্গে বলেন, ‘তৃণমূল ২৫ হাজার প্রার্থীপদ বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিততে হবে বলে নিশানা করেছে। সেই কারণে ভাঙড়কে নিয়ে অশান্তি ঘটানোর চেষ্টা হচ্ছে।’ এদিকে, সোমবারই নিজের নিরাপত্তা চেয়ে কলকাতা হাই কোর্টে আবেদন করেন নওশাদ সিদ্দিকী। তাঁর আইনজীবী দাবি করেন, নওশাদ একমাত্র বিধায়ক যাঁর কোনো ব্যক্তিগত নিরাপত্তা নেই। ভাঙড়ের যা পরিস্থিতি, তাতে নওশাদ সিদ্দিকীর নিরাপত্তা ব্যবস্থা থাকা উচিত।’

## রাজ্যপালকে ব্যক্তিগত আক্রমণ মদন মিত্রর

**প্রতীতি ঘোষ, বারাকপুর :** রাজ্যপালকে ‘রজনীকান্ত কালারের রাজ্যপাল’ বলে কটাক্ষ করে কামারহাটির বিধায়ক মদন মিত্র বলেন, ‘রাজভবনে মানুষ ইতিহাস জানতে দেখতে যান। সেখানে একজন কালা রজনীকান্তকে দেখতে কেন যাবে?’ রাজভবনে সেফ হাউস তৈরি হয়েছে। বেলঘরিয়ায় অনুষ্ঠানে এসে তা নিয়ে মদন মিত্র বলেন, ‘রাজভবনে হওয়া সেফ হাউসে রাজ্যপাল সব ক্রিমিনালদের এনে সেভ করছেন। তিনি সেখানে আগ্নেয়াস্ত্র মজুত করছেন। রাজ্যপাল এবার পঞ্চায়েত ভোট কোথায় কোথায় মাল পাঠাতে হবে তা ঠিক করার দায়িত্ব নিয়েছেন। পুলিশকে বলব, রাজভবনের চারপাশে বাইরে থেকে সিসি ক্যামেরা লাগান। রাজভবনের চারপাশে কারা যাচ্ছে সেসবে আপনারা নজর রাখুন। রাজ্যপালের বাংলায় হাতেখড়ি হয়েছে আসলে ওটা হবে রাজ্যপালের হাতেখড়ি পশ্চিমবাংলার গলায় দড়ি। জগদীপ ধনখর একটু মাথা নাড়িয়ে ট্যুইট করে উপরাষ্ট্রপতি হয়েছেন। এই রাজ্যপালও সেই পথে হাঁটতে চাইছেন। কিন্তু এবার তৃণমূল আরো বেশি ভোটে জয়লাভ করবে। আমরা পঞ্চায়েত ভোটের ভিক্ষা চাইছি। পঞ্চায়েত ভোট আপনারা আমাদের দিলে আমরা লোকসভা ভোটে মন্ত্রিসভা করে দেখাব।’ এদিন তিনি বিরোধীদের বিরুদ্ধে অভিযোগ করে বলেন, ‘বিরোধীরা নয়, সব থেকে মনোনয়ন তোলার জন্য তৃণমূলের প্রার্থীদের চাপ দেওয়া হচ্ছে।’ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূলের জন্য নন্দীগ্রামে দাওয়াই তৈরি আছেন বলে যে দাবি করেছেন তার পরিপ্রেক্ষিতে মদন মিত্রর পালটা দাবি, ‘শুভেন্দু নন্দীগ্রাম সীমাবদ্ধ। তার বাইরে আর বেরতে হবে না। ও নন্দীগ্রাম নিয়েই থাকুক।’ এদিন নওশা সিদ্দিকী প্রসঙ্গে মদন মিত্র অভিযোগ করে বলেন, ‘যেন সবথেকে বড়ো গুণ্ডা, ওর কাছেই সবথেকে বেশি বন্দুক ও বোমা মজুদ আছে। সে আবার নিরাপত্তার দাবি জানিয়েছে। ভাঙ্গড়ে সবথেকে সমস্যায় রয়েছে আরাবুল আর তৃণমূলের কর্মীরা।’ এদিন তিনি রাজ্যপালের দিকে প্রশ্ন ছুড়ে দিয়ে বলেন, ‘যেসব তৃণমূল নেতা কর্মীদের প্রাণনাশের ভয় আছে, তারা কি রাজভবনে সেফ হাউসে আশ্রয় নিতে পারবেন?’

## ক্যান্সারের চিকিৎসার টাকার জন্য ডাকাতি

**নিজস্ব সংবাদদাতা, নরেন্দ্রপুর :** ক্যান্সারের চিকিৎসার টাকা জোগাড় করতেই ডাকাতির ছক কষা হয়। নরেন্দ্রপুরের মিশনপল্লিতে বাড়িতে থাকা বৃদ্ধের হাত ও মুখ বেঁধে ডাকাতির ঘটনার তদন্তে নেমে পুলিশের কাছে এমনই তথ্য সামনে এসেছে। ঘটনার মূলচক্রী স্বর্ণদ্বীপ ভট্টাচার্য সোনারপুর থানা এলাকার বাসিন্দা। মিশনপল্লি এলাকার বাসিন্দা বৃন্দাবন সিংহ রায়ের বাড়িতে সে ১০ বছর ধরে গাড়ি চালাচ্ছে। স্বর্ণদ্বীপ বাড়ির ছেলে হয়ে উঠেছিল। তার স্ত্রী ও সন্তানকে নিয়েও ওই বাড়িতে যাতায়াত ছিল। যে কোনো বিপদে বা আর্থিক সমস্যায় পড়লে স্বর্ণদীপ সাহায্য চাইত। বাড়ির গৃহকর্তা তাকে সাহায্যও করতেন। কিছুদিন আগে স্বর্ণদ্বীপ ক্যান্সারে আক্রান্ত হয়। তাকে ৪টি কেমোও নিতে হয়েছে। সম্প্রতি তার আরো ১টি কেমো নেওয়ার কথা। তার জন্য টাকার দরকার। সে বৃন্দাবন সিংহের কাছ থেকে টাকা চায়। তবে এবার আর ওই বৃদ্ধ টাকা দিতে রাজি হননি। বাড়িতে কিছু টাকা ছিল। এটা স্বর্ণদীপ জানত। তাই সে এক বন্ধুকে সঙ্গে নিয়ে ডাকাতির পরিকল্পনা করে। স্বর্ণদ্বীপ ছাড়াও আরো ৩জন এই ঘটনায় জড়িত। পুলিশ ২জনকে গ্রেফতার করেছে। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।

## ইডির ডাক এড়ালেন মন্ত্রী মলয় ঘটক

**রবীন্দ্রনাথ প্রামানিক, আসানসোল :** ফের ইডির ডাকে হাজির হলেন না রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক। কয়লা পাচার মামলায় দিল্লি হাই কোর্টের নির্দেশে ১৫ দিন আগে মন্ত্রী তথা উত্তর আসানসোলের বিধায়ক মলয় ঘটককে হাজিরার নোটিশ দিয়েও দিল্লির ইডি-র দফতরে হাজির করাতে পারল না তদন্তকারী সংস্থা। মন্ত্রীর তরফে ইডি-কে জানানো হয়েছে রাজ্যে সামনেই পঞ্চায়েত ভোট রয়েছে। তিনি প্রচারের কাজে ব্যস্ত রয়েছেন। তাঁকে জেলায় জেলায় ঘুরতে হচ্ছে। তাই এই মুহূর্তে দিল্লিতে গিয়ে তাঁর পক্ষে হাজিরা দেওয়া সম্ভব নয়। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি ৫ জুন মলয় ঘটককে দিল্লিতে ইডি-র দফতরে হাজিরার নোটিশ পাঠিয়েছিল। আদালতের নির্দেশ মেনে ১৫ দিন পর সোমবার ১৯ জুন হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। তবে এদিনও মন্ত্রী মলয় ঘটক ইডির দফতরে হাজির হননি। এড়িয়ে যান ইডির নোটিশ। ইডি সূত্রে খবর, এর আগে পরপর ২বার ইডির পাঠানো ই-মেলের কোনো উত্তর মলয় ঘটক দেননি। তৃতীয়বার ইডির ই-মেলের পর মন্ত্রী মলয় ঘটক জিজ্ঞাসাবাদের জন্য ইডিকে সোমবার সময় দিয়েছিলেন। তারপরও এদিন তিনি হাজির হলেন না। জানিয়ে দেন ভোটের প্রচারের কাজে তিনি মুর্শিদাবাদে রয়েছেন। পরবর্তী সময়ে ইডি-কে তদন্তে সবরকমের সহযোগিতা করার কথাও তিনি জানিয়েছেন। এইভাবে বার বার হাজির না হয়ে তদন্তে ব্যাঘাত ঘটানোয় এখন ইডি কি ব্যবস্থা নেয় সেদিকেই রয়েছে সকলের নজর। মন্ত্রী মলয় ঘটকের হাজিরা নিয়ে সোমবার সকাল থেকেই তাঁর বাসস্থান আসানসোলেও ছিল চাপা গুঞ্জন। শেষ পযর্ন্ত মলয় ঘটক নিজেই হাজিরা এড়িয়ে যাওয়ায় আপাতত সব আশঙ্কার অবসান হয়েছে।

## মল্লিকপুরে ধৃত ৫ সশস্ত্র দুষ্কৃতী

**নিজস্ব সংবাদদাতা, বারুইপুর :** গোপন সূত্রে খবর পেয়ে রবিবার রাতে বারুইপুর থানার পুলিশ মল্লিকপুর গণিমা এলাকা থেকে ৫ দুষ্কৃতীকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে ১টি বন্দুক, এক রাউন্ড কার্তুজ সহ বেশ কিছু ধারালো অস্ত্র। বড়ো ডাকাতির পাশাপাশি অন্য গোষ্ঠীর কাউকে খুনের পরিকল্পনার জন্য ধৃতরা এলাকায় জড় হয়েছিল।

## ৫০ লাখ টাকার শাড়ি সহ ধৃত ২

**নিজস্ব সংবাদদাতা, জামুড়িয়া :** পুলিশের কাছে অভিযোগ ছিল দীর্ঘদিন ধরেই চলন্ত ট্রেন থেকে জিনিসপত্র চুরি করার কারবারে জড়িত রয়েছে মহম্মদ আখতার ও রঞ্জিৎ দাস। রবিবার রাতে হানা দিয়ে প্রায় ৫০ লাখ টাকার শাড়ি সহ ওই ২জনকে গ্রেফতার করে জামুড়িয়া থানার পুলিশ। জানা গেছে, ওই ২জন জামুড়িয়া থানার শ্রীপুর ফাড়ির রানা কোলিয়ারিতে বাড়ি ভাড়া নিয়ে থাকত। এরা ২জনেই চলন্ত ট্রেন থেকে মাল নামাত। ১৬ জুন আসানসোল থেকে পটনা এর্নাকুলাম এক্সপ্রেসে ২জন চেপে বসে। এরপর মধুকুণ্ডা স্টেশন ঢোকার আগেই চলন্ত ট্রেন থেকে প্রায় ৫০০-৬০০টি শাড়ি নামিয়ে নিয়ে পালায়। রবিবার পুলিশ ওই বাড়িতে হানা দিয়ে চোরাই শাড়ি সহ ২জনকে আটক করে। এরপর গ্রেফতার করা হয়।

## ব্যাঁটরায় ব্যবসায়ীর ১১ লাখ টাকা ছিনতাই

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** সোমবার ভরদুপুরে ব্যাঁটরা থানা এলাকার বেনারস রোডে ব্যাঙ্কে টাকা জমা দিতে যাওয়ার সময় এক ব্যবসায়ী রাজেন্দ্র পণ্ডিতকে বন্দুকের বাট দিয়ে মেরে প্রায় ১১ লাখ টাকা ছিনতাই করে পালিয়েছে সশস্ত্র দুষ্কৃতী দল। জানা গেছে, আক্রান্ত ব্যবসায়ীর মদের দোকান রয়েছে। এদিন দুপুর ২টো নাগাদ তিনি ব্যাঙ্কে টাকা জমা দিতে যাচ্ছিলেন। তাঁর কাছে থাকা ব্যাগে ১১ লাখ টাকা ছিল। তখনই কয়েকজন সশস্ত্র দুষ্কৃতী তাঁর ওপর হামলা চালায়। আগ্নেয়াস্ত্র দেখিয়ে পিস্তলের বাট দিয়ে মাথায় মেরে দুষ্কৃতীরা টাকা ভরতি ব্যাগ নিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ আসে। আক্রান্ত ব্যবসায়ী জানান, ‘ওরা রিভালবারের বাট দিয়ে মাথায় মেরে আমার কাছে থাকা ব্যাগটি দিতে বলে। ব্যাগটি পাশের খালে ফেলে দিতে যাচ্ছিলাম। তখন ওই দুষ্কৃতীদের মধ্যে ১জন বলে ব্যাগটি না দিলে গুলি করে দেবে। তখন তাদের মধ্যে একজন আমার ব্যাগটি নিয়ে চম্পট দেয়। দুষ্কৃতীদের কেউই পরিচিত নয়।’ স্থানীয় এক প্রত্যক্ষদর্শী জানান, ‘ওই ব্যবসায়ী হেঁটে যাচ্ছিলেন। আচমকা ১জন এসে মাথায় আঘাত করে। আমি ভেবেছিলাম ওঁর সঙ্গে ঠাট্টা করছে। এরপর দেখি ব্যাগটি ছিনিয়ে নিতে যাচ্ছে। ২ জন ধাক্কা মেরে ব্যাগটি ছিনিয়ে নিয়ে দৌড়ে পালায়। ছেলেগুলো হাফ প্যান্ট পরে হেঁটে এসেছিল। দুষ্কৃতীরা পালাবার পর ওই ব্যবসায়ী চিৎকার করেন। তাঁর চিৎকার শুনে পাশের কারখানা থেকে লোকরা রড নিয়ে তাড়া করে ১ দুষ্কৃতীকে মারে। তখনই সে আগ্নেয়াস্ত্র বার করে ভয় দেখিয়ে পালিয়ে যায়।’ ঘটনার পর ব্যবসায়ী থানায় লিখিত অভিযোগ জানান। পুলিশ আশপাশের এলাকার সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখছে।

## ট্যাঙ্কার উলটে বিপত্তি

**নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর :** সোমবার দুর্গাপুরের গোপালমাঠের কাছে ১৯ নং জাতীয় সড়কের ওপর পেট্রোল ভরতি ১টি ট্যাঙ্কার উলটে যাওয়ায় বিপত্তি ঘটে। স্থানীয় রা জানান, ট্যাঙ্কারের সামনের দিকের ১টি টায়ার ফেটে যাওয়ায় সেটি আরেকটি ট্রাককে গিয়ে ধাক্কা মেরে উলটে যায়। ট্যাঙ্কার উলটে যাওয়ায় পেট্রোল রাস্তায় পড়ে যায়। যার জেরে জাতীয় সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

## দুর্গাপুরে ট্রাকের ধাক্কায় মৃত্যু বৃদ্ধার

**সুবীর রায়, দুর্গাপুর :** সোমবার সকালে দুর্গাপুর কলেজের সামনে ট্রাকের ধাক্কায় মারা গেলেন বৃদ্ধা আগুরি বেদ (৬৫)। মৃতা নিউ টাউনশিপ থানার হুজুকপল্লির বাসিন্দা। জানা গেছে, এদিন সকালে দুর্গাপুর গভর্মেন্ট কলেজের কাছে রাস্তার ধারের ১টি চায়ের দোকান থেকে চা খেয়ে ওই বৃদ্ধা যখন রাস্তা পারাপার করছিলেন তখন বেপরোয়া গতিতে আসা ১টি ট্রাক তাঁকে ধাক্কা মারে। তিনি মাটিতে পরে গেলে ট্রাকের পেছনের চাকা পিষে দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই ওই বৃদ্ধা মারা যান। স্থানীয় বাসিন্দারা ঘাতক ট্রাকটিকে ঘেরাও করে পুলিশে খবর দেন। নিউটাউনশিপ থানার পুলিশ এসে চালককে গ্রেফতার করে নিয়ে যায়। পুলিশ ট্রাকটি বাজেয়াপ্ত করার পাশাপাশি মৃতার দেহ উদ্ধার করে নিয়ে যায়।

## সালানপুর ব্লকে তৃণমূলের জয়

**নিজস্ব সংবাদদাতা, সালানপুর :** পঞ্চায়েত ভোটে মনোনয়ন প্রত্যাহার পর্বের আগেই সোমবার তৃণমূল কংগ্রেসের কর্মী ও সমর্থকরা বারাবনি বিধানসভার সালানপুর ব্লকে সবুজ আবির মেখে মিষ্টি বিলি করেন। তাঁদের দাবি, বিনা প্রতিদ্বন্দ্বিতায় এরমধ্যেই সালানপুর ব্লকের ৬টি গ্রামপঞ্চায়েত ও ১টি পঞ্চায়েত সমিতি জয় করেছে। যার মধ্যে রয়েছে ধুন্দাবাদ, বনজিমারি, জিমারি ও বাসুদেবপুর গ্রামপঞ্চায়েত। এছাড়াও জিমারি পঞ্চায়েত সমিতির আসনেও তৃণমূল জিতে গেছে। সিপিআই(এম) দলের ব্লক সম্পাদক রঞ্জিত সরকার কটাক্ষ করে বলেন, ‘তৃণমূল পরিকল্পনা করে সন্ত্রাসের বাতাবরণ বজায় রেখেছে। তাই অনেকে মনোনয়ন প্রত্যাহার করতে বাধ্য হচ্ছেন।’

**NOTICE**

এতদ্বারা জনসাধারণকে জানানো যাইতেছে যে ২৭.০৫.২০২৩ হইতে City Laboratories, 1/1 Collin Lane, Kolkata - 700016 ইহার কার্যকলাপ সম্পূর্ণ ভাবে বন্ধ করিয়াছি।

**DIAMOND HARBOUR WOMEN'S UNIVERSITY**

(UGC Recognised State Aided Women's University)
Sarisha, Diamond Harbour Road, South 24 Parganas- 743368
Advt. No. DHWU/REG/ADMN-UG/188 Dated: 19-06-2023

**B.A. (Hons) Admission Notification, 2023**

Applications are invited from female candidates for admission to 1st Semester of B.A. (Hons) 4 yrs. Courses for Bengali, English, Education, History and Political Science for the A.Y. 2023-27 through **online system during the period from 01.07.2023 to 15.07.2023 (Up to 3.00 p.m.).** For detailed information regarding eligibility, submission of online application form, fees and admission procedure visit the University website **www. dhwu.ac.in.**

**Sd/-**
**Registrar**

## অণ্ডালে বাম প্রার্থীদের বাড়িতে হামলা, অবরোধ

**নিজস্ব সংবাদদাতা, অণ্ডাল :** অণ্ডালের খান্দরা গ্রামপঞ্চায়েতের খান্দরা গ্রামে মনোনয়ন প্রত্যাহার না করা সিপিআই(এম) দলের ৩ প্রার্থীর বাড়িতে হামলা, ভাঙচুরের অভিযোগ উঠেছে। ঘটনার প্রতিবাদে সোমবার ২টো নাগাদ বামরা অণ্ডাল-উখড়া রোডের খান্দরা শিবতলা মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান ও রাস্তা অবরোধ করেন। অভিযোগের তির তৃণমূলের বিরুদ্ধে। ১৫ জুন শান্তিপূর্ণভাবে পঞ্চায়েত ভোটের মনোনয়ন পর্ব শেষ হয়েছে। বিরোধীদের অভিযোগ, এরপর থেকেই তাদের ওপর মনোনয়ন প্রত্যাহারের জন্য চাপ দেওয়া হচ্ছে। সোমবার খান্দরা পঞ্চায়েতের ১৬, ১৭ ও ১৮ নং সংসদের ৩ বাম প্রার্থী মিতা দত্ত, অপর্ণা সহিস ও রমানাথ দত্তের বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ ওঠে। সিপিআই(এম) নেতা অঞ্জন বক্সি জানান, ‘এদিন বেলা দেড়টা নাগাদ ২টি ৪চাকার গাড়িতে করে দুষ্কৃতীরা এসে হামলা চালায়। প্রার্থীরা কেউ বাড়িতে না থাকায় তাঁদের বাড়ির আসবাবপত্র, মোটরবাইক ভাঙচুর করা হয়। দুষ্কৃতীরা যে ২টি গাড়িতে এসেছিল তার নম্বর বীরভূম জেলার। তৃণমূল বাইরে থেকে দুষ্কৃতীদের এনে হামলা চালায়। হামলার অভিযোগ হোয়াটসঅ্যাপের মাধ্যমে পুলিশকে জানানো হয়েছে।’ এদিকে, তৃণমূলের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে দলীয় নেতৃত্ব। তৃণমূলের অণ্ডাল সভাপতি সমীর ভট্টাচার্য জানান, ‘এরকম কোনো ঘটনার কথা জানা নেই। পরাজয় নিশ্চিত জেনে সিপিএম নাটক করছে। এই অভিযোগ ভিত্তিহীন।’ অন্যদিকে, রবিবার সন্ধ্যায় পাণ্ডবেশ্বর ব্লকের কেন্দ্রা পঞ্চায়েতে ১৭ নং সংসদের বিজেপি প্রার্থী সঞ্জু সিং এর ছেলে রাকেশ সিং-কে তৃণমূলের দুষ্কৃতীরা মারধর করেছে বলে অভিযোগ ওঠে। বিজেপি নেতা রূপক পাঁজা জানান, ‘পাণ্ডবেশ্বর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।’ এই হামলার কথাও অস্বীকার করেছে তৃণণূল নেতৃত্ব।

## চন্দননগরে জগদ্ধাত্রী পুজোর প্রস্তুতি শুরু

**অমিত চৌধুরী, হুগলি :** চন্দননগর একদিকে যেমন ফরাসি উপনিবেশের জন্য যেমন বিশেষভাবে পরিচিত তেমনই এখানের জগদ্ধাত্রী পুজোর সুনাম জগৎ জুড়ে রয়েছে। জগদ্ধাত্রী পুজোয় চন্দননগরের আলোর জাদু দেখতে বিদেশ থেকেও দর্শনার্থীরা ছুটে আসেন। ক্যালেন্ডারের তারিখ বলছে জগদ্ধাত্রী পুজো আসতে এখনো ঢের সময় বাকি তবে পুজো উদ্যোক্তাদের কাছে সময় বেশি নেই। তাই বর্ষা পড়তে না পড়তেই জগদ্ধাত্রী পুজোর প্রস্তুতি শুরু হয়ে গেছে। ভদ্রেশ্বর, মানকুণ্ডু, চন্দননগর সব জায়গাতেই পুজোর প্রস্তুতিতে উদ্যোক্তারা ব্যস্ত হয়ে উঠেছেন। এখানের পুজোর বিশেষ আকর্ষণ বিশাল আকৃতির প্রতিমা ও বিখ্যাত আলোকসজ্জা। তাই কোনোদিক থেকে কোনো খামতি রাখতে চান না পুজো উদ্যোক্তারা। চন্দননগরের জগদ্ধাত্রী পুজোর মধ্যে উল্লেখযোগ্য হল ভদ্রেশ্বরের গঞ্জের জগদ্ধাত্রী পুজো। এবার এই পুজো ২১৫ বছরে পা রাখতে চলেছে। এখানের জগদ্ধাত্রী পুজো খুবই জাগ্রত বলে পরিচিত। তাই এই প্রতিমা দর্শন করতে প্রচুর মানুষ ভিড় জমান। সেই প্রতিমা তৈরির কাজ জোরকদমে শুরু হয়ে গেছে। এই পুজো কমিটির সম্পাদক দেবব্রত বিশ্বাস জানান, ‘দুর্গাপুজো, কালীপুজোর পরই জগদ্ধাত্রী পুজো। তাই ওই সময় শিল্পীদের ওপর বেশি চাপ এসে পড়ে। সেই কারণে জগদ্ধাত্রী প্রতিমা তৈরিতে অনেক ক্ষেত্রে খামতি থেকে যায়। অথচ এই পুজো মানুষের কাছে একটা আবেগ। তাই প্রতিমা তৈরিতে কোনো খামতি রাখতে নারাজ শিল্পীরা। মানুষ জগদ্ধাত্রী প্রতিমার টানেই এখানে ভিড় জমান। কোনো কিছুতে যাতে ত্রুটি থেকে না যায়, তাই এত আগে থেকেই প্রস্তুতি শুরু করে দিতে হয়েছে। দেখতে দেখতে দুর্গাপুজো এসে যাবে। তার কয়েকদিন পর বিখ্যাত এই জগদ্ধাত্রী পুজোরও সময় চলে আসবে। প্রতিমা তৈরির কাজ হতে হতেই প্যান্ডেল নিয়েও কাজ শুরু হয়ে যাবে।’

# উখড়ায় ঐতিহ্যবাহী রথের মেলা ঘিরে উৎসাহ



**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** উখড়ায় রথযাত্রা শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, সংস্কৃতি ও ঐতিহ্যের মিশেল হল এই উৎসব। এই রথযাত্রাকে ঘিরে যেমন রয়েছে লৌকিক উপাচার তেমনই আছে সংস্কৃতির ইতিহাস। তাই উখড়া শহরের বাসিন্দারা একে ঘিরে আনন্দে মেতে ওঠে। রথযাত্রা নিয়ে এলাকার লোকের উৎসাহ থাকে চরমে। উখড়ার বাসিন্দাদের জীবন জুড়ে রয়েছে কয়লা ও খনি। তাই এই উৎসবের বিশেষ মাহাত্ম্য রয়েছে। এই শহরের ইতিহাস ঘাটলে জানা যায়, এখানে রথযাত্রার ঐতিহ্য বেশ পুরোনো। ১৭৬৩ শকাব্দে, বাংলার ১২৪৮ সালের ৯ আষাঢ় উখড়ায় প্রথম রথ উৎসব পালিত হয়। তখন জমিদার ছিলেন প্রয়াত বক্তার সিংহ হাণ্ডার পঞ্চমপুত্র শম্ভুনাথলাল সিংহ হাণ্ডা। তিনি প্রথম কাঠ দিয়ে রথ তৈরি করান। সময়ের সঙ্গে সঙ্গে এই রথ বদল হতে থাকে। যদিও ঐতিহ্য একই ছিল। পরে শম্ভুনাথ লাল সিংহ হাণ্ডার চতুর্থ পুরুষের বংশধররা, এই রথটিকে পিতলের রথে পরিণত করেন। এখন এই রথ ঘিরেই সকলে উৎসবে মেতে ওঠেন। কাঁকসা থানার আদুরিয়া অমরপুরের শিল্পী রাধাবল্লভ কর্মকার এই পিতলের রথটি তৈরি করেন। রথটির উচ্চতা প্রায় ২২ ফুট। রথের সামনের দিকে আছে পিতলেরই তৈরি ১জন সারথি। এই রথের বিশেষত্ব হল, প্রথাগতভাবে জগন্নাথ, বলরাম ও সুভদ্রাকে না চাপিয়ে, হাণ্ডা বংশের কুলদেবতা গোপীনাথ জিউকে চাপিয়ে রথ টানা হয়। রথের কয়েকদিন আগে পিতলের রথটি বের করে ধোয়ামোছা করে পরিষ্কার করা হয়। রথের দিন ফুলের সাজে সেজে ওঠে। এরপর ভক্তদের দড়ির টানে উখড়া বাজারের মধ্যে দিয়ে রথ এগিয়ে চলে। রথযাত্রা দেখতে এলাকার মানুষের ভিড় উপচে পড়ে। এই রথকে ঘিরে বসে মেলাও। এই মেলায় একসময় পুতুলনাচের আসর বসত। থাকত বায়োস্কোপের রঙমহলও। সেইসঙ্গে প্রচুর খাবারের দোকান। এখনো সেই ঐতিহ্য মেনে মেলা বসে। বিক্রি হয় পাপড়, গরম জিলিপি, ঘুগনি। বাঁশিওয়ালার সুরে, বেলুনওয়ালার ডাকে রথের সময় মেলা পুরোনো স্মৃতি ফিরিয়ে আনে। করোনার সময় মেলা বন্ধ হয়ে গিয়েছিল। ফের অতিমারির সময় কেটে যাওয়ায় মেলা বসছে। উখরার রথ উৎসবে আনন্দের ধুম ফিরে এসেছে।

**ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড**

CIN : L24290WB2020PLC241791
রেজিস্টার্ড অফিস : ২বি, প্রিটোরিয়া স্ট্রীট, কলকাতা - ৭০০০৭১
টেলিফোন : ৯১-০৩৩-২২৮২ ৩৭৪৪ / ৩৭৪৫ / ৩৬৯৯ / ৩৬৭১,
ফ্যাক্স : ৯১-০৩৩-২২৮২ ৩৭৩৯
ই-মেল : kolkata@ddevgroup.in, ওয়েবসাইট : www.ddevgroup.in

কোম্পানীজ অ্যাক্ট ২০১৩ এর ১০৮ ও ১১০ নং সেকশন সহ কোম্পানীজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ এর ২০ ও ২২ নং রুল এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকওয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর ৪৪ নং ধারা অনুযায়ী, কোম্পানীটি পোস্টাল ব্যালটের (ই-ভোটিংয়ের মাধ্যমে, যেমনটি এমসিএ দ্বারা এ সম্পর্কে জানানো হয়েছিল) মাধ্যমে নিম্নোক্ত বিষয়গুলির ওপর শেয়ারহোল্ডারদের অনুমোদন এবং অন্যান্যদের অনুমোদনের সাপেক্ষে সম্পাদন করেছিল, যার ফলাফল ১৯.০৬.২০২৩ তারিখে ঘোষণা করা হয়, উক্ত তারিখের স্ক্রুটিনাইজার রিপোর্টের ভিত্তিতে। ফলাফলগুলি নিম্নরূপ :

| আইটেম নং | বিজনেস | পক্ষে প্রদানকারী ভোট (মোট প্রদানকারী ভোট % -এ) | বিপক্ষে প্রদানকারী ভোট (মোট প্রদানকারী ভোট % -এ) |
|---|---|---|---|
| ১ | কোম্পানীর অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধি এবং এর ফলে কোম্পানীর মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের মূলধন ধারার পরিবর্তন : | ৯৯.৯৯৯৯ | ০.০০০১ |
| ২ | শেয়ার হোল্ডারদের বোনাস শেয়ার ইস্যু করার জন্য কোম্পানীর মজুত/লাভের মূলধনের অনুমোদন : | ৯৯.৯৯৯৯ | ০.০০০১ |
| ৩ | উপাদান সম্পর্কিত পার্টি ট্রানজাকশনের জন্য অনুমোদন : | ৯৯.৯৯৮৬ | ০.০০১৪ |

বোর্ড অফ ডিরেক্টরদের আদেশানুসারে
ডিদেব প্লাস্টিক ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
তানভি গোয়েঙ্কা (ACS-31176)
কোম্পানী সচিব এবং কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ১৯.০৬.২০২৩

**SITUATION VACANT**

Sabuj B.Ed. College & Sabuj P.T.T.I, located at Nandakumarpur, Raidighi, South 24 Pgs-743349, WB. Invites applications for the following posts: **1. Librarian: M.Lib / B.Lib with 55% marks for B.Ed. 2. Librarian: M.Lib / B.Lib with 55% Marks for D.El.Ed.,** Candidates should submit their CV with all testimonials to - **director@sabujsangha.org./arunabha@sabujsangha.org immediately, call - 9007032300.**

Sd/-
**President**
**Sabuj PTTI, Nandakumarpur, 24 Parganas(S), W B**

**ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড**

CIN : L24290WB2020PLC241791
রেজিস্টার্ড অফিস : ২বি, প্রিটোরিয়া স্ট্রীট, কলকাতা - ৭০০০৭১
টেলিফোন : ৯১-০৩৩-২২৮২ ৩৭৪৪ / ৩৭৪৫ / ৩৬৯৯ / ৩৬৭১
ফ্যাক্স : ৯১-০৩৩-২২৮২ ৩৭৩৯
ই-মেল : kolkata@ddevgroup.in, ওয়েবসাইট : www.ddevgroup.in

বোনাস শেয়ার ইস্যু করার জন্য রেকর্ড তারিখের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫-এর ৪২ ও ৪৭ নং ধারা এবং অন্যান্য বিধান অনুযায়ী, যদি থাকে, আগামী ৩০ জুন, ২০২৩ তারিখ শুক্রবার ১ টাকা (এক টাকা মাত্র) দরে ১ (এক) বোনাস ইক্যুইটি শেয়ার এবং ১ টাকা (এক টাকা মাত্র) প্রতি দরে প্রতি ১০ (দশ) টি ফুললি পেইডআপ ইক্যুইটি শেয়ারের মূল্য নির্ধারণ করার জন্য উক্ত তারিখে শেয়ারহোল্ডারদের অনুমতির সাপেক্ষে বোর্ড অফ ডিরেক্টরদের একটি সভার আয়োজন করা হয়েছে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট www.ddevgroup.in ও বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com-এও পাওয়া যাবে।

বোর্ড অফ ডিরেক্টরদের আদেশানুসারে
ডিদেব প্লাস্টিক ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
তানভি গোয়েঙ্কা (ACS-31176)
কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ১৯.০৬.২০২৩